

ক্যাম্পাসে আন্দোলনকারীদের অভিযোগ

যৌন নিপীড়নের ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে

যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা বলেছে, প্রক্টোরিয়াল বিধি সংশোধনের নামে যৌন নিপীড়নবিরোধী নীতিমালা ও অভিযোগ সেল গঠনসহ অন্যান্য দাবিকে পাশ কাটানোর চেষ্টা চালাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল এক বিবৃতিতে ছাত্রছাত্রীরা বলেন, কর্তৃপক্ষ যৌন নিপীড়নের ঘটনা উন্মোচিত না করে তা ধামাচাপা দেওয়ার চেষ্টা চালাচ্ছে। ছাত্রছাত্রীরা আজ থেকে সারা দেশে যৌন নিপীড়নের বিরুদ্ধে গণস্বাক্ষর অভিযান চালাবে এবং আগামী ২৭ জানুয়ারি বিকালে সংবাদ সম্মেলন করবে।

এদিকে ছাত্র ফেডারেশন নেতারা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়ন না করেন তা হলে তারা যৌন নিপীড়কের রক্ষাকর্তা হিসেবে আবির্ভূত হবেন।

মধুর কেন্টিনের সামনে অনুষ্ঠিত এক সমাবেশে নেতারা এ কথা বলেন। সমাবেশে বক্তব্য রাখেন জোনায়েদ সাকি, ফিরোজ আহমেদ, তাসলিমা আখতার ও ইয়াসমিন মুকুল। বিজ্ঞপ্তি।